সংবাদ

তারিখ 23 JAN 2003
পৃষ্ঠা ১২ কলাম ৫

# পার্বত্য চট্টগ্রামে প্রাথমিক শিক্ষা বিস্তারে ৩ জেলা পরিষদ ব্যাপক ভূমিকা রাখতে পারত

—সন্তু লারমা

পার্বত্য অঞ্চল প্রতিনিধি ঃ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ চেয়ারম্যান সন্তু লারমা বলেছেন, পার্বত্য চট্টগ্রামে প্রাথমিক শিক্ষা বিস্তারে তিন পার্বত্য জেলা পরিষদ ব্যাপক ভূমিকা রাখতে পারত; কিন্তু বাস্তবে তা হচ্ছে না, কারণ এ তিন পরিষদ নেতৃবৃন্দ নিজেদের দলীয় চিন্তা-ভাবনার বাইরে এসে স্বতন্ত্রভাবে চিন্তা-ভাবনা করতে পারছেন না। এ অবস্থার অবসান হওয়া উচিত।

বুধবার রাঙ্গামাটিতে কেয়ার বাংলাদেশ তিন পার্বত্য জেলায় প্রাথমিক পর্যায়ে শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে গৃহীত চলেন প্রকল্পের ২য় পর্যায়ের কার্যক্রম শুরু উপলক্ষে আয়োজিত

পার্বত্য ঃ পৃঃ ২ কঃ ১

## পার্বত্য ঃ ভূমিকা রাখতে

(১২ পৃষ্ঠার পর)

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ চেয়ারম্যান জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা (সন্তু লারমা) এ মন্তব্য করেন। অনুষ্ঠানে সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের চট্টগ্রামের বিভাগীয় উপ-পরিচালক ড. লিয়াকত আলী খান, ইউএসএইড প্রতিনিধি ক্যারল হরনিংগ, ইউএনডিপি প্রতিনিধি মাইকেল হেইম এবং রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান ড. মানিক লাল দেওয়ান উপস্থিত ছিলেন। রাঙ্গামাটির উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট মিলনায়তনে তিন পার্বত্য জেলা থেকে আগত দেড় শতাধিক প্রতিনিধির অংশগ্রহণে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কেয়ার বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামের আঞ্চলিক কর্মসূচি সমন্বয়ক ড. প্রশান্ত কুমার ত্রিপুরা।